

গুনাহ মাফের উপায়

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় : গুনাহ মাফের উপায়

রচয়িতা/সঙ্কলকঃ শাহাদাৎ হুসাইন খান ফয়সাল (রহ.)

১৪. ধৈর্যধারণ ও 'আমলে সালাহ করা

জীবন চলার পথে ধৈর্য খুবই গুরুত্বপূর্ণ ও প্রয়োজনীয়। বিশেষ করে ঈমান আনার পরে ধৈর্যধারণ বেশি দরকারী। ধৈর্যের সাথে সাথে 'আমলে সালাহ করাও জরুরি। তাহলেই ক্ষমা মিলবে। আল্লাহ তা'আলা বলেন :

إِلَّا الَّذِينَ صَبَرُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ أُولَٰئِكَ لَهُمْ مَغْفِرَةٌ وَأَجْرٌ كَبِيرٌ

“তবে যারা সবর করেছে এবং সৎকর্ম করেছে, তাদের জন্যই রয়েছে ক্ষমা ও মহাপ্রতিদান।”[1]

ফুটনোট

[1]. সূরা হূদ ১১ : ১১।

Source — <https://www.hadithbd.com/books/link/?id=9117>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন